

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩৫৭
জম্পুইজলা ২৭ ডিসেম্বর, ২০২৩

**বিকশিত ভারত সংকল্প যাত্রা
পেকুয়ারজলা ভিলেজ বিকাশ শিবির**

বিকশিত ভারত সংকল্প যাত্রায় জম্পুইজলা ব্লকের মোহনপুর ও পেকুয়ারজলা ভিলেজে গতকাল বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। মোহনপুর ভিলেজ কমিটি ভিত্তিক ঈশান ঠাকুর এস বি বিদ্যালয় প্রাঙ্গনে এই শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে আই ই সি ভ্যানের মাধ্যমে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের প্রকল্পগুলি সম্পর্কে জনগণকে অবগত করানো হয়। পেকুয়ারজলা ভিলেজ ভিত্তিক বিকশিত ভারত সংকল্প যাত্রা কর্মসূচি নিয়ে বিকাশ শিবির গাং ঠাকুর বাজার প্রাঙ্গনে অনুষ্ঠিত হয়। সেখানে উপস্থিত ছিলেন জম্পুইজলা বিএসি চেয়ারম্যান বীরেন্দ্র কিশোর দেববর্মা। এছাড়াও উপস্থিত ছিলেন জম্পুইজলা ব্লকের বিডিও কমল দেববর্মা, সমাজসেবী সন্ধ্যারাম দেববর্মা এবং সমাজসেবী রবীন্দ্র দেববর্মা। শিবিরে ১২ জন ছাত্রছাত্রীর মধ্যে ম্যারিট সার্টিফিকেট প্রদান করা হয়। ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের পক্ষ থেকে ৮টি স্বসহায়ক দলকে ভাল কাজ করার জন্য সার্টিফিকেট প্রদান করা হয়। এছাড়া প্রশাসনের পক্ষ থেকে ৩ জনকে এসটি, ১ জনকে পিআরটিসি এবং ১ জনকে ইনকাম সার্টিফিকেট প্রদান করা হয়। এছাড়া রাজস্ব দপ্তরের পক্ষ থেকে পেকুয়ারজলা ভিলেজ কমিটিকে পুরস্কৃত করা হয়। স্বাস্থ্য দপ্তর থেকে ২০ জনের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ঔষধ দেওয়া হয়।
